


“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

আউটসোর্স পদ্ধতিতে ফ্রিল্যান্সিং ওয়্যারিং পরিদর্শক আবশ্যিক

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন গ্রাহক সংযোগ সহজিকরণের লক্ষ্যে সর্বাধুনিক ‘পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ’ ব্যবস্থা চালু করা হয়েছে। উক্ত সংযোগ ব্যবস্থায় হাউজ ওয়্যারিং পরিদর্শন পূর্বক অনলাইনে রিপোর্ট দাখিল করার লক্ষ্যে ইন্টারনেট ব্যবহারে সক্ষম এবং একইসাথে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক ইস্যুকৃত নূন্যতম বিসি (‘BC’) লাইসেন্সপ্রাপ্তদেরকে স্থানীয় পর্যায়ে ফ্রিল্যান্সিং ওয়্যারিং পরিদর্শক হিসেবে মনোনয়ন দেয়া হবে। মনোনীত ফ্রিল্যান্সিং ওয়্যারিং পরিদর্শকগণকে বাপবিবো/পবিস কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে। প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ ফ্রিল্যান্সিং ওয়্যারিং পরিদর্শকগণ ওয়্যারিং পরিদর্শন ও রিপোর্ট প্রদানপূর্বক নির্ধারিত হারে সংশ্লিষ্ট গ্রাহকদের নিকট হতে সম্মানী গ্রহণ করবেন। উল্লেখ্য যে, এ জন্য বাপবিবো/পবিস কর্তৃক ফ্রিল্যান্সিং ওয়্যারিং পরিদর্শকগণকে কোন প্রকার সম্মানী বা আর্থিক সুবিধাদি প্রদান করা হবে না। ফ্রিল্যান্সিং ওয়্যারিং পরিদর্শকগণ বাপবিবো/পবিসের কোন ধরনের কর্মচারী হিসেবেও বিবেচিত হবেন না এবং এতদসংক্রান্ত সকল প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সময় নিজ দায়িত্বে থাকা-খাওয়ার ব্যবস্থা করবেন। আগ্রহী প্রার্থীদেরকে পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের স্ক্যান কপিসহ ওয়েব লিংক http://www.rebpbs.com/UI/Wiring_Agent/WA_Application.aspx-এর মাধ্যমে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, ইতোপূর্বে যে সকল প্রার্থী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রকাশিত বিজ্ঞাপনের আলোকে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন করেছেন তাদেরকেও উল্লেখিত ওয়েব লিংকের মাধ্যমে পুনরায় অনলাইনে আবেদন করতে হবে।



যোগাযোগের ঠিকানাঃ

আইসিটি পরিদপ্তর,
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড,
সদর দপ্তর ভবন (৬ষ্ঠ তলা),
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন নং-০২-৮৯০০৫১৩